

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং-১৭

আশ্বিন ০৫, ১৪১৭

তারিখ : -----

সেপ্টেম্বর ২০, ২০১০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

২০১০-২০১১ অর্থ বছরে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করার লক্ষ্যে সরকার কর্তৃক পূর্ববর্তী বছরসমূহের ন্যায় চলতি ২০১০-২০১১ অর্থ বছরেও সংশ্লিষ্ট রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে জুলাই ০১, ২০১০ তারিখ হতে জুন ৩০, ২০১১ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত নিম্নে বর্ণিত পণ্যসমূহ রপ্তানির প্রতিটির বিপরীতে উল্লেখিত হারে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা পরিশোধ্য হবে :-

রপ্তানি খাতের নাম	হার
১) রপ্তানিমুখী দেশীয় বস্ত্রখাতে শুক্ক বস্ত্র ও ডিউটি ড্র-ব্যাক এর পরিবর্তে বিকল্প নগদ সহায়তা	৫%
২) হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়ে হাতে তৈরী পণ্য রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫% হতে ২০%
৩) কৃষিপণ্য (শাকসব্জি/ফলমূল) ও প্রক্রিয়াজাত (এগ্রোপ্রোসেসিং) কৃষিপণ্য রপ্তানি খাতে রপ্তানী ভর্তুকী	২০%
৪) আলু রপ্তানি খাতে নগদ সহায়তা	১০%
৫) বাই-সাইকেল রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%
৬) হাড়ের গুড়া রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%
৭) পোল্ট্রি শিল্পের হ্যাচিং ডিম এবং মুরগির বাচ্চা (day old chicks) রপ্তানি খাতে রপ্তানি ভর্তুকী	১৫%
৮) হালকা প্রকৌশল পণ্য রপ্তানি খাতে ভর্তুকী	১০%
৯) ঈশ্বরদী ইপিজেড-এ কৃষি ভিত্তিক শিল্পে বিনিয়োগ আকৃষ্টকরণে লিকুইড গ্লুকোজ রপ্তানি খাতে ভর্তুকী	২০%
১০) ১০০% হালাল মাংস রপ্তানি খাতে ভর্তুকী	২০%
১১) হিমায়িত চিংড়ী ও অন্যান্য মাছ রপ্তানি খাতে নগদ সহায়তা	১০%
১২) চামড়াজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ সহায়তা	১৫%
১৩) জাহাজ রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	৫%
১৪) ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	৪%
১৫) ক্রাস্ট লেদার (Crust Leather) রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	৩%
১৬) পেট বোতল-ফ্লেক্স রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী	১০%
১৭) পাটজাত দ্রব্যাদি রপ্তানি খাতে নগদ ভর্তুকী	১০%

রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তার দাবি পরিশোধের বিষয়ে প্রযোজ্য সংশ্লিষ্ট সকল এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫